



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
website : www.mccollege.edu.bd  
email : [m.c.college\\_sylhet@live.com](mailto:m.c.college_sylhet@live.com)



## জরুরী বিজ্ঞপ্তি

তারিখ : ০৯.০১.২০২১ খ্রি.


মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ বিজ্ঞান শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যারা “মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তি” প্রাপ্ত হয়েছে তাদের তথ্য MIS Software-এ এন্ট্রি করতে হবে বিধায় কলেজে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা তথ্য ও অনুসন্ধান কেন্দ্র থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে অথবা কলেজ ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করে ফরম পূরণপূর্বক আগামী ১৫.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়পত্রসহ সত্যায়িত ছবি এক কপি  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত বৃত্তি তালিকার সংশ্লিষ্ট পৃষ্ঠা,

### বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর করণীয়

১. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত হতে হবে।
২. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।
৩. যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক খোলা হলে ফরমে হিসাবের ঘরে যৌথ নাম উল্লেখ করতে হবে।
৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
৫. বিকাশ, শিওরক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা
৬. শিক্ষার্থীর পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে।
৭. বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
৮. ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।

উপরোক্ত শর্তাবলী পূরণের ক্ষেত্রে ভুল পরিলক্ষিত হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

  
অধ্যক্ষ ০৯/০১/২০২১  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
PRINCIPAL  
M C College, Sylhet